

## -: রচনাধর্মী প্রশ্ন :-

“ ভাই, বড়োই তো বিপদ উপস্থিত দেখিতেছি।” - কার লেখা, কোন গল্পের অন্তর্গত ? কে, কাকে কথাগুলি বলেছিলেন? কী ‘বিপদ উপস্থিত’ হয়েছিল?

উ:- আলোচ্য অংশটি উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর লেখা ‘তিন মাছের কথা’ গল্পের অন্তর্গত।

\*\*‘অনাগত বিধাতা’ নামক শোল মাছটি প্রত্যুৎপন্নমতি ও দীর্ঘসূত্রকে কথাগুলি বলেছিলেন।

\*\*\*এক পুকুরে তিনটি শোল মাছ ছিল। একদিন একদল জেলে এসে মাছ ধরবে বলে সেই পুকুরের জল সৈঁচতে আরম্ভ করল। এদিকে তারা জানত যে পুকুর শুকিয়ে গেলে জেলেরা তাদের ধরে নিয়ে যাবে। এখানে এই বিপদ উপস্থিত হওয়ার কথা বলা হয়েছে।

### বাড়ির কাজ

“এত আগেই ভয় পাইবার দরকার কী?”- কথাগুলি কে এবং কেন বলেছিল?

বাক্য রচনা কর : উপায়, সীমা, তাড়াহুড়ো, রক্ষা